# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫০৪

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৩. যাতে উযু নষ্ট হয় এবং (স্ত্রীকে) স্পর্শ করা ও চুমা দেয়া

بَابُ صِفَةِ مَا يَنْقُضُ الْوُضُوءَ ، وَمَا رُوِيَ فِي الْمُلَامَسَةِ وَالْقُبْلَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَبِي دَاوُدَ ، نَا سَلَمَةُ بْنُ شَبِيبٍ ، وَحَوْثَرَةُ بْنُ مُحَمَّدٍ الْمِنْقَرِيُّ ، ح : وَحَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا عَلِيُّ بْنُ شُعَيْبٍ ، وَيَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ ، وَمُحَمَّدُ بْنُ عُثْمَانَ بْنِ كَرَامَةَ ، قَالُوا : نَا أَبُو أُسَامَةَ ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ ، عَنْ مُحَمَّدِ بْنِ يَحْيَى بْنِ حَبَّانَ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ الْأَعْرَجِ ، عَنْ أَبِي هُرَيْرَةَ ، عَنْ عَائِشَةَ ، قَالَتْ : " افْتَقَدْتُ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ذَاتَ لَيْلَةٍ مِنَ الْفِرَاشِ ، فَالْتَمَسْتُهُ بِيَدِي ، فَوَقَعَتْ يَدِي عَلَى قَدَمَيْهِ ، وَهُمَا مُنْتَصِبَتَانِ ، فَسَمِعْتُهُ يَقُولُ : " أَعُوذُ بِرِضَاكَ مِنْ سَخَطِكَ ، وَبِمُعَافَاتِكَ مِنْ عُقُوبَتِكَ ، وَبِكَ مِنْكَ ، لَا أُحْصِي مِدْحَتَكَ ، وَثَنَاءً عَلَيْكَ ، أَنْتَ كَمَا أَثْنَيْتَ عَلَى نَفْسِكَ " . هَذَا لَفْظُ ابْنِ كَرَامَةَ ، وَقَالَ ابْنُ أَبِي دَاوُدَ : " بِمُعَافَاتِكَ مِنْ غَضَبِكَ " . تَابَعَهُ عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ ، عَنْ عُبَيْدِ اللَّهِ ، وَخَالَفَهُمْ وُهَيْبٌ ، وَمُعْتَمِرٌ ، وَابْنُ نُمَيْرٍ ، رَوَوْهُ عَنْ عُبَيْدِ اللَّهِ ، وَقَالُوا : عَنِ الْأَعْرَجِ ، عَنْ عَائِشَةَ ؛ وَلَمْ يَذْكُرُوا أَبَا هُرَيْرَةَ

বাংলা

৫০৪(৩৩). আবদুল্লাহ ইবনে আবু দাউদ (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি এক রাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বিছানায় খুঁজে পেলাম না। আমি হাত দিয়ে তাঁকে খোঁজতে গিয়ে আমার হাত তাঁর পদদ্বয়ের উপর পড়লো। তখন তাঁর পদদ্বয়ের পাতা খাড়া অবস্থায় ছিল এবং তিনি সিজদায় ছিলেন। আমি তাকে বলতে শুনলামঃ (হে আল্লাহ) আমি তোমার সন্তুষ্টির দ্বারা তোমার অসন্তুষ্টি থেকে পানাহ চাই, তোমার ক্ষমার দ্বারা তোমার শাস্তি থেকে পানাহ চাই, তোমার কাছে তোমার (আযাব) থেকে পানাহ চাই। তোমার প্রশংসা করে শেষ করা আমার পক্ষে সম্ভব নয়। তুমি দ্রুপই যেমন তোমার প্রশংসা তুমি নিজে করেছো। মূল পাঠ রাবী ইবনে কারামার।

ইবনে আবু দাউদের বর্ণনায় আছেঃ “তোমার ক্ষমার দ্বারা তোমার গযব থেকে পানাহ চাই”। আবদা ইবনে

সুলায়মান (রহঃ) উবায়দুল্লাহর সূত্রে তার অনুকরণ করেছেন। উহাইব, মু’তামির ও ইবনে নুমায়ের (রহঃ) তাদের বিপরীত বর্ণনা করেছেন। তারা উবায়দুল্লাহ (রহঃ) থেকে আল-আ’রাজ-আয়েশা (রাঃ) সূত্রে বর্ণনা করেছেন এবং তারা আবু হুরায়রা (রাঃ) এর উল্লেখ করেননি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80293

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন